# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৬২৬ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৬২৭]

পর্ব-২০: তাহাজ্জুদ এবং দিনের নফল সালাত (كتاب قيام الليل وتطوع النهار)

পরিচ্ছেদঃ ১২: তাহাজ্জুদের সালাত কোন্ দু'আ দ্বারা শুরু করা হবে?

## باب بِأَىِّ شَىْءٍ تُسْتَفْتَحُ صَلاَةُ اللَّيْلِ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ سَلَمَةَ، قال: أَنْبَأَنَا ابْنُ وَهْبٍ، عَنْ يُونُسَ، عَنِ ابْنِ شِهَابٍ، قال: حَدَّثَنِي حُمَيْدُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ بْنِ عَوْفٍ، أَنَّ رَجُلًا مِنْ أَصْحَابِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: قُلْتُ وَأَنَا فِي سَفَرٍ مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: وَاللَّهِ لَأَرْقُبَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لِصَلَاةٍ حَتَّى أَرَى فِعْلَهُ، فَلَمَّا صَلَّى صَلَاةَ الْعِشَاءِ وَهِيَ الْعَتَمَةُ اضْطَجَعَ هَوِيًّا مِنَ اللَّيْلِ ثُمَّ اسْتَيْقَظَ فَنَظَرَ فِي الْأُفُقِ، فَقَالَ: رَبَّنَا مَا خَلَقْتَ هَذَا بَاطِلا حَتَّى بَلَغَ إِنَّكَ لا تُخْلِفُ الْمِيعَادَ سورة آل عمران آية 191 - 194 ، ثُمَّ أَهْوَى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِلَى فِرَاشِهِ فَاسْتَلَّ مِنْهُ سِوَاكًا، ثُمَّ أَفْرَغَ فِي قَدَحٍ مِنْ إِدَاوَةٍ عِنْدَهُ مَاءً فَاسْتَنَّ، ثُمَّ قَامَ فَصَلَّى حَتَّى قُلْتُ قَدْ صَلَّى قَدْرَ مَا نَامَ ثُمَّ اضْطَجَعَ حَتَّى، قُلْتُ: قَدْ نَامَ قَدْرَ مَا صَلَّى ثُمَّ اسْتَيْقَظَ فَفَعَلَ كَمَا فَعَلَ أَوَّلَ مَرَّةٍ، وَقَالَ مِثْلَ مَا قَالَ فَفَعَلَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ثَلَاثَ مَرَّاتٍ قَبْلَ الْفَجْرِ .

تخريج دارالدعوه: تفرد به النسائي، (تحفة الأشراف: ١٥٥٥٢) (صحيح الإسناد)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1627 - صحيح الإسناد

বাংলা

১৬২৬. মুহাম্মাদ ইবনু সালামাহ্ (রহ.) ..... হুমায়দ ইবনু আবদুর রহমান ইবনু আওফ (রহ.) হতে বর্ণিত। নবী (সা.) -এর একজন সাহাবী বলেন, আমি একবার রসূলুল্লাহ (সা.) -এর সাথে সফরে থাকাকালীন মনে মনে বললাম যে, আমি নিশ্চয় রসূলুল্লাহ (সা.) -এর সালাতের প্রতি অত্যধিক মনোযোগ সহকারে লক্ষ্য রাখবো, যাতে

তাঁর ‘আমল দেখতে পারি। যখন তিনি ‘ইশার সালাত আদায় করে [নিলেন যাকে ‘আত্বামাহও বলা হয়;] দীর্ঘ রাত পর্যন্ত শুয়ে থাকলেন। অতঃপর জাগ্রত হয়ে আসমানের দিগন্তের প্রতি দৃষ্টিপাত করলেন এবং “হে আমাদের প্রতিপালক! তুমি এসব অনর্থক সৃষ্টি করনি ..... নিশ্চয় তুমি ওয়াদা খেলাফ করো না”(সূরাহ আ-লি ইমরান ৩: ১৯১-১৯৪) পর্যন্ত তিলাওয়াত করলেন। অতঃপর রসূলুল্লাহ (সা.) — বিছানার দিকে হাত বাড়িয়ে তার নীচ থেকে একটি মিসওয়াক বের করলেন এবং তাঁর কাছে রাখা একটি পানির পাত্র থেকে লোটায় পানি ঢাললেন। তারপর মিসওয়াক করলেন এবং দাঁড়িয়ে সালাত আদায় করলেন। আমি মনে মনে ধারণা করলাম যে, তিনি যে পরিমাণ সময় ঘুমিয়ে ছিলেন, সে পরিমাণ সময় সালাত আদায় করলেন। পুনরায় ঘুমিয়ে গেলেন, আমি মনে মনে ধারণা করলাম যে, তিনি যে পরিমাণ সালাত আদায় করেছিলেন সে পরিমাণ সময় ঘুমালেন। অতঃপর জাগ্রত হয়ে প্রথমবার যেরূপ করেছিলেন তদ্রুপ করলেন এবং যা যা বলেছিলেন তা বললেন। রসূলুল্লাহ (সা.) ফজরের আগ পর্যন্ত অনুরূপ তিনবার করেছিলেন।

## English

With what should prayer at night begin?

It was narrated that Ibn Shihaab said: Humaid bin Abdur-Rahman bin 'Awf told me that a man from among the companions of the Prophet (ﷺ) said: 'I said, when I was on a journey with the Messenger of Allah (ﷺ): By Allah (SWT), I am going to watch the prayer of the Messenger of Allah (ﷺ) and see what he does. When he prayed 'Isha, he lay down for a long time. Then he woke up and looked toward the horizon and said: Our Lord! You have not created (all) this without purpose until he reached: for You never break (Your) Promise. Then the Messenger of Allah (ﷺ) reached across his bed and took a siwak from it, then he poured water from a vessel and cleaned his teeth. Then he stood and prayed until I said: He has prayed for as long as he has slept. Then he lay down until I said: He has slept as long as he prayed. Then he woke up and did the same as he had done the first time and said the same as he had said. The Messenger of Allah (ﷺ) did that three times before Fajr.'

## ফুটনোট

সনদ সহীহ: ইমাম নাসায়ী এককভাবে বর্ণনা করেছেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ হুমায়দ ইবনু ‘আবদুর রহমান (রহ.)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90122

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন